# পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম

**সমস্যা :** *আমার পিসির কনফিগারেশন আসুস পি৮জেড৭৭-ভি মাদারবোর্ড, ইন্টেল কোরআই৫ ৩৫৭০কে ৩.৪ গিগাহার্টজ প্রসেসর, করসায়ার ভেনজেন্স প্রো ১৬ গিগাবাইট ১৬০০ বাস ডিডিআর৩ র‌্যাম, ওয়েস্টার্ন ডিজিটাল ক্যাভিয়ার ব্ল্যাক ১ টেরাবাইট হার্ডডিস্ক ড্রাইভ। আমি উইন্ডোজ ৮.১ অপারেটিং সিস্টেম ব্যবহার করি। আমার সমস্যা হলো, আমি সিটিসেল জুম আল্ট্রা (মডেম ZTE AC 682) যখন কানেক্ট করি, তখন হাইড আইকনের মধ্যে জুম আল্ট্রার আইকন অবস্থান নেয়, আর নিচের টুলবারে ইন্টারনেট নেটওয়ার্ক আইকনটি (অনেকটা ভিডিও ক্যামেরার ছবির মতো) ডান পাশে অবস্থান করে, সংযোগ যথাযথ থাকলে ওই আইকনের নিচে সাদা ক্রস থাকে। আমি যথারীতি কানেকশন দিয়ে যখন কোনো কিছু ব্রাউজ করতে থাকি, হঠাৎ করেই টুলবারের আইকনের নিচের সাদা ক্রস লাল ক্রসে পরিবর্তিত হয়ে যায়, আমি আর নেট সংযোগ পাই না। এতে লাল ক্রস যে বিচ্ছিন্নতার প্রতীক তা সহজেই বোঝা যায়। অথচ জুম আল্ট্রার ফোল্ডার ওপেন করলে ডায়ালগ বক্সে টাওয়ারের ছবিসহ কানেকটেড লেখা দেখায়। মাঝে মাঝেই এ সমস্যার মুখোমুখি হতে হয়। আমার ব্রাউজারের (গুগল ক্রোম) সমস্যা ভেবে আনইনস্টল করে আবার নতুনভাবে ইনস্টল করেও দেখেছি। কেন এমনটি হচ্ছে সমাধান দিলে উপকৃত হব।*

–**মহম্মদ আবদুর রহমান**, *চুয়াডাঙ্গা*

**সমাধান :** সমস্যার কথা শুনে মনে হচ্ছে মডেমের ড্রাইভার শতকরা ১০০ ভাগ সাপোর্ট পাচ্ছে না। একই উইন্ডোজ আছে এমন কোনো পিসিতে এটি ইনস্টল করে দেখুন সেখানে ঠিকমতো কাজ করে কি না। যদি করে, তবে বুঝতে হবে আপনার পিসিতে কোনো সমস্যা আছে। মডেমের ড্রাইভার আনইনস্টল করে আবার ইনস্টল করুন। ভালো অ্যান্টিভাইরাস দিয়ে পিসি স্ক্যান করে নিন। নতুন উইন্ডোজ ৮.১ ৬৪ বিট অপারেটিং সাপোর্ট করে এমন ড্রাইভার ইনস্টল না করা থাকলে এটি হতে পারে। যদি এমনটি হয় যে মডেমের সাথে দেয়া ড্রাইভারটি উইন্ডোজ ৭ পর্যন্ত সাপোর্ট করে, তবে এমনটা হওয়া স্বাভাবিক। আপনার পিসিতে মডেমের জন্য যে ড্রাইভার ইনস্টল করা হয়েছে, তা পুরোপুরিভাবে উইন্ডোজ ৮.১ সাপোর্ট করে কি না, তা চেক করে নিন মডেমের প্যাকেটের গায়ের লেখা দেখে। যদি ড্রাইভার পুরনোটা থেকে থাকে, তবে সিটিসেলের ওয়েবসাইট থেকে নতুন আপডেট নামিয়ে নিন। এরপর ড্রাইভার আপগ্রেড করে নিন। যদি এই মডেলের মডেমের জন্য আপডেট না পাওয়া যায়, তবে মডেম বদলে নতুন মডেম নিন, যেটি উইন্ডোজ ৮ পুরোপুরিভাবে সাপোর্ট করে।

**সমস্যা :** *আমি ম্যাকবুক প্রো কেনার চিন্তা করছি। কিন্তু সমস্যা হচ্ছে ম্যাক ওএস সম্পর্কে আমার তেমন ধারণা নেই। আমি সব সময় উইন্ডোজ ব্যবহার করেছি, কখন ম্যাকিনটোশ অপারেটিং সিস্টেম ব্যবহার করিনি। তাই ম্যাকিনটোশের সফটওয়্যার সম্পর্কে তেমন কোনো ধারণা নেই। বাজারে ম্যাকবুকের জন্য সফটওয়্যার পাওয়া যায় কী? উইন্ডোজের সফটওয়্যারগুলো কি ম্যাকবুকে চলবে? সাধারণ গেমগুলো কি ম্যাকিনটোশে চলবে? এ ব্যাপারে আপনাদের সাহায্য চাই।*

–**হৃদয়**, *খুলনা*

**সমাধান :** ম্যাকিনটোশ অপারেটিং সিস্টেম বা ম্যাক ওএসে উইন্ডোজের সফটওয়্যার বা গেম কোনোটাই চলবে না। তবে ম্যাকের জন্য মাইক্রোসফট অফিস ও অন্যান্য সব ধরনের সফটওয়্যার বাজারে পাওয়া যায়। উইন্ডোজের সফটওয়্যারের চেয়ে ম্যাকের সফটওয়্যারের দাম কিছুটা বেশি। ম্যাকের জন্য আলাদা গেম পাওয়া যায়। উইন্ডোজে চলা সব ধরনের গেমের ম্যাক ভার্সন হয় না। কিছু জনপ্রিয় গেমের ম্যাক ভার্সন রয়েছে। ম্যাকবুকে থাকা ম্যাক ওএসের পাশাপাশি উইন্ডোজ অপারেটিং সিস্টেমও ইনস্টল করে নিতে পারবেন। সেটি করতে পারলে আর কোনো ঝামেলা থাকবে না। ম্যাকেই উইন্ডোজ ব্যবহার করতে পারবেন। ইন্টারনেট থেকে কীভাবে ম্যাকবুকে উইন্ডোজ ইনস্টল করবেন ডুয়াল বুটিং হিসেবে তার টিউটোরিয়াল দেখে নিন।

**সমস্যা :** *আমি ৩৫ থেকে ৪০ হাজার টাকার মধ্যে একটি পিসি কিনতে চাই। আমি কেমন কনফিগারেশন পাব?*

–**রানা ইসলাম**

**সমাধান :** এ বাজেটের মধ্যে কোরআই৩, ৪ গিগাবাইট র‌্যাম ও ১ টেরাবাইট কনফিগারেশনের পিসি কিনতে পারবেন। বাজারে গিয়ে দুয়েকটা দোকান ঘুরে এই বাজেটের মধ্যে পিসি কনফিগারেশন করে দিন। তারপর সেখান থেকে ভালো-মন্দ যাচাই করে কিনে ফেলুন আপনার পিসি।

**সমস্যা :** *আমি একটি গেমিং পিসি কিনতে চাই। আমার বাজেট ১ লাখ ৩০ হাজার টাকা। বাজারের সবচেয়ে শক্তিশালী ও ভালো প্রসেসর, মাদারবোর্ড, গ্রাফিক্স কার্ড, পাওয়ার সাপ্লাই ইউনিট, ডিভিডি রাইটার, ক্যাসিং মনিটর কি এই বাজেটের মধ্যে আসবে? কমপিউটারের যন্ত্রাংশগুলোর দাম কেমন হবে তা জানালে বেশ ভালো হয়। এমন কোনো ওয়েবসাইট আছে, যেখানে আমি গেমিং পিসি বানানো সম্পর্কে ধারণা নিতে পারব?*

–**রাফিদ আল জাওয়াদ**, *ঢাকা*

**সমাধান :** এই বাজেটের মধ্যে বেশ ভালোমানের গেমিং পিসি বানানো সম্ভব হবে। প্রসেসরের ক্ষেত্রে ইন্টেল কোরআই৫ আনলড এডিশন (কে সিরিজ) বা এমডির অক্টাকোর এফএক্স সিরিজ এবং মাদারবোর্ড প্রসেসরের সাথে মানানসই সর্বশেষ নতুন যে চিপসেট এসেছে তা বাছাই করতে হবে (ইন্টেলের ক্ষেত্রে চিপসেট খুব ঘন ঘন আপডেট হয়)। গ্রাফিক্স কার্ড কেনার ক্ষেত্রে এনভিডিয়ার ৭০০ সিরিজ বা এএমডির আর৯ সিরিজের পছন্দ করতে পারেন। বাজারে এখন বেশ কয়েকটি ভালো ব্র্যান্ডের গেমিং কেসিং পাওয়া যায়। এগুলোর মধ্য থেকে যেটি ভালো লাগে সেটি পছন্দ করুন। সব কিছু কেনার পর আসতে হবে পাওয়ার সাপ্লাই ইউনিটে। অনলাইন পিসি পাওয়ার কনজাম্পশন ক্যালকুলেটর থেকে পিসির কনফিগারেশন অনুযায়ী কত ওয়াটের পিএসইউ লাগবে তার ধারণা পাবেন। extreme.outervision.com/psucalculatorlite.jsp এই সাইট থেকে পাওয়ার ক্যালকুলেট করে নিন। ক্যালকুলেট করার পর যে ফল আসবে, সেখান থেকে ৫০-১০০ ওয়াট বেশি ক্ষমতার পাওয়ার সাপ্লাই ইউনিট কিনে নিতে হবে। গুগলে গেমিং পিসি আন্ডার ৳১৫০০ লিখে সার্চ করলে গেমিং পিসি কনফিগারেশন সম্পর্কে আরও ভালো ধারণা পাবেন। তবে সেখানে থাকা সব যন্ত্রাংশ বা ব্র্যান্ডগুলো এখানে নাও পেতে পারেন। কমপিউটার বাজারে কিছু পণ্যের দাম এখন খুব রদবদল হয়ে থাকে। তাই এখানে দামের কথা না লিখে কয়েকটি নামকরা কমপিউটার বিক্রেতা প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ঠিকানা দেয়া হলো, যাতে পণ্যের দামের তালিকা রয়েছে।

www.ryanscomputers.com; ucc-bd.com; www.globalbrand.com.bd; smart-bd.com; computersourcebd.com কজ

*ফিডব্যাক : **jhutjhamela24@gmail.com***

## জেনে নিন

২০১৫ সাল থেকে সাধারণ ও মাদ্রাসা শিক্ষায় ৯ম শ্রেণির সব শিক্ষার্থীর জন্য কমপিউটার শিক্ষা বাধ্যতামূলক।